

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন শাখা

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কর্মসম্পাদন সূচক ২.৪.১ অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ সভার কার্যবিবরণী:

| | |
|------------|---|
| সভাপতি | মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ মহাপরিচালক |
| সভার তারিখ | ২৩ ফেব্রুয়ারি, ২০২২খ্রি |
| সভার সময় | বেলা ১১.৩০ টা। |
| স্থান | অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-“ক” দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন জনপ্রশাসনে দায়বদ্ধতা বৃদ্ধি ও সরকারি সেবার মানোন্নয়নের জন্য অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচক ২.৪.১ এ অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সরকারের এ সুদূর প্রসারী কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়ন করতে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান। সভাপতি সভায় উপস্থিত অংশীজনকে (Stakeholder) মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

০২। সভায় অংশীজন (Stakeholder) নিম্নোক্ত মতামত প্রদান করেন :

- জনাব কাজী আবেদ হোসেন, পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা), মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে অপ্রীতিকর বিষয় বা ঘটনা যেন না ঘটতে না পারে সে জন্য CCTV স্থাপন করার উপর গুরুত্বারোপ করেন। আগামী ১৫ দিনের মধ্যে যে সকল প্রতিষ্ঠানে CCTV স্থাপন করা হয়নি তার তালিকা প্রেরণের জন্য উল্লেখ করেন। তাছাড়া আগামী ০৩ মাসের মধ্যে মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে নাইট ভিশন ক্যামেরা সম্বলিত CCTV স্থাপন নিশ্চিত করতে হবে।
- জনাব মোহাম্মদ মামুন, উপপরিচালক (প্রশাসন ও অর্থ) বলেন, Action Plan অনুযায়ী মাদকবিরোধী কাজে সহযোগিতা প্রদানের বিষয়ে NGO বিষয়ক ব্যুরো'র সাথে যোগাযোগ অব্যাহত আছে। তাছাড়া “মাদকবিরোধী কার্যক্রমে নিয়োজিত বেসরকারি সংস্থার নিবন্ধন প্রদান” সেবাটি সহজিকরণ করা হয়েছে। ফলে সেবা প্রত্যাশী প্রধান কার্যালয়, ঢাকা'র পরিবর্তে নিজ জেলায় অবস্থিত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে আবেদন জমা এবং প্রধান কার্যালয়ের অনুমোদনের প্রেক্ষিতে জেলা কার্যালয় থেকেই নিবন্ধন পত্র গ্রহণ করতে পারবেন।
- উপপরিচালক (প্রশাসন ও অর্থ) সভাকে অবহিত করেন যে, পেথিডিন/মরফিন ইনজেকশন লাইসেন্সধারীগণের প্রাপ্যতা অনুযায়ী চাহিদা মোতাবেক দ্রুত ও সহজে সেবা পাওয়ার বিষয়ে ৮টি বিভাগে ৮টি পেথিডিন/মরফিন ইনজেকশন সরবরাহ কেন্দ্র স্থাপনের বিষয়ে গণস্বাস্থ্য ফার্মাসিউটিক্যালসকে জানানো হয়েছে। তৎপ্রেক্ষিতে গণস্বাস্থ্য ফার্মাসিউটিক্যালস জানিয়েছে, আপাতত: প্রতিটি বিভাগে ১টি করে সরবরাহ কেন্দ্র স্থাপনের এন্টাবলিসমেন্ট নেই। এ বিষয়ক সেবা সহজীকরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

- এসকেএফ ফার্মাসিটিকেলস এর প্রতিনিধি বলেন, সেবা প্রাপ্তির ক্ষেত্রে কোন সমস্যা হচ্ছে না। তবে সাইকোট্রপিক সাবস্ট্যান্স আমদানির পূর্বানুমতির জন্য পত্র জমা দিলে অধিদপ্তরের বিভিন্ন ডেস্ক হয়ে সংশ্লিষ্ট অধিশাখায় আসতে অনেক সময় অতিবাহিত হয়। সরাসরি সংশ্লিষ্ট শাখায় পত্র দেওয়ার ব্যবস্থা থাকলে অল্প সময়ের মধ্যে পত্রটির কার্যক্রম শুরু করা যায়।
- অতিরিক্ত পরিচালক, ঢাকা বলেন, প্রিকারসর/সাইকোট্রপিক সাবস্ট্যান্স লাইসেন্স ছাড়া আমদানী করা যাবে না। লাইসেন্স ছাড়া আমদানী করলে আমদানীকৃত মালামাল খালাস করার পূর্বে লাইসেন্স করতে হবে।

৩। অতপর সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|------|--|---|
| ৩.১ | সকল নিরাময় কেন্দ্র/লাইসেন্সীগণের ব্যবসা প্রতিষ্ঠানে ০৩ মাসের মধ্যে Night Vision Capacity'র CCTV স্থাপন নিশ্চিত করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/অংশীজন (Stakeholder) |
| ৩.২ | মাদকবিরোধী কাজে সহযোগিতা/প্রণোদনা প্রদানের জন্য NGO বিষয়ক ব্যুরো এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা) |
| ৩.৩ | পেথিডিন/মরফিন ইনজেকশন বিক্রয়ের লাইসেন্সীগণের প্রাপ্যতা অনুযায়ী চাহিদা মোতাবেক দ্রুত ও সহজ উপায়ে পেথিডিন/মরফিন ইনজেকশন সরবরাহ সেবা সহজীকরণের বিষয়ে পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) মহোদয়ের সভাপতিত্বে উপপরিচালক (অপারেসনস), মহাপরিচালক কর্তৃক মনোনীত ২ (দুই)জন সংশ্লিষ্ট অংশীজন (পেথিডিন/মরফিন লাইসেন্সী) এবং গণস্বাস্থ্য ফার্মাসিউটিক্যালস এর প্রতিনিধি নিয়ে কমিটি গঠন করতে হবে। | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা/চিকিৎসা ও পুনর্বাসন)/সংশ্লিষ্ট কমিটি |
| ৩.৪ | প্রিকারসর/সাইকোট্রপিক সাবস্ট্যান্স লাইসেন্স ছাড়া আমদানী করার পরে আমদানীকৃত মালামাল খালাস করতে লাইসেন্স এর জন্য আবেদন করলে লাইসেন্স এর সকল শর্ত ঠিক থাকলে দ্রুত লাইসেন্স প্রদানের ব্যবস্থা নিতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা) |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ
মহাপরিচালক


স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৫.১৬.০৩২.১৯.৮৩

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮

২৪ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দু: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
- ২) পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা। ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৩) প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
- ৪) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
- ৫) সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭) সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
- ৮) উপপরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,
- ৯) সহকারী পরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,
- ১০) সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১১) মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), .
- ১২) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ।


মোহাম্মদ মামুন
উপপরিচালক